So far first condition satisfied

Now,come to the 2nd part, when,

123 divide by 8, quotient = 15, remainder = **3**

15 divided by 5, quotient = 3, remainder = **0**

3 divided by 6, remainder = **3**.

==========×==========×==========×==========×==========

♦নতুন কিন্তু অনেক কার্যকরী একটি বই খুব দ্রুতই বাজারে আসছে,

Khairul's Bank Math Model Test

বিদেশি বইয়ের কঠিন ব্যাখ্যা আর জটিল সমাধানের বইয়ের বিকল্প হিসেবে এই বইটি সংগ্রহ করুন।

♦বইটি বৈশিষ্ট্য হচ্ছে?

- ১০০০ এর ও অধিক গুরুত্বপূর্ণ অংকের পরীক্ষা ও সহজ সমাধান। (ওয়েবসাইট ভিত্তিক)
- প্রতিটি অধ্যায়ের উপর সহজ+মাঝারী+কঠিন আকারে মডেল টেস্ট সাজানো।
- পাটিগণিত + বীজ গণিত+জ্যামিতি + সবগুলো একসাথে মডেল টেস্ট।
- প্রতিটি মডেল টেস্টের শেষে ব্যাখ্যা সহ সমাধান।

নিজের প্রস্তুতিকে ঝালাই করার জন্য ঘরে বসে সময় ধরে পরীক্ষা দিতে বইটি সংগ্রহ করুন।

Unitary Method

♦General math:

1. **A machine can copy six pages in 9 seconds. How many pages can it copy in 24 minutes?** [*Dhaka Bank Ltd. (TO) – 2016 (Written)]*

অর্থ: একটি মেশিন ৯ সেকেন্ডে ৬ পৃষ্ঠা কপি করতে পারলে ২৪ মিনিটে কতটি পৃষ্ঠা কপি করতে পারবে?

♦Solution:

We know, 24 minutes = 60×24 = 1,440 Seconds

9 Seconds is needed to copy = 6 pages

1 Second is needed to copy = $\frac{6}{9}$ pages

1,440 Seconds is needed to copy = $\frac{6\times1440}{9}$ = 960 pages **Ans: 960 pages.**

2. **7 kgs of mango cost as much as 10 kgs of apple and 1 kg of orange. 7 kgs of orange cost as much as 1 kg of mango and 2 kgs of apple. How many kgs of apple can be purchased by the amount of money required to purchase 12 kgs of mango?** *[City Bank Ltd.– 2001 (Written)] & [Pubali Bank (SO)-2000-(Written)]*

অর্থ: ৭ কেজি আমের দাম একত্রে ১০ কেজি আপেলে ও ১ কেজি কমলার দামের সমান। আবার ৭ কেজি কমলার দাম একত্রে ১ কেজি আম ও ২ কেজি আপেলের দামের সমান। ১২ কেজি আমের মূল্য দিয়ে কত কেজি আপেল ক্রয় করা যাবে?

♦Solution:

7 kgs mango = 10 kgs apple + 1 kg orange……(i)

7 kgs orange = 1 kgs mango + 2 kgs apple

Or,

1 kg mango = 7 kgs orange - 2 kgs apple…..(ii)

Now from (i)×7 we get,

49 kgs mango = 70 kgs apple + 7 kgs orange

1 kg mango = 7 kgs orange-2 kgs apple

---

48 kgs mango = 72 kgs apple *(by Subtracting)*

$\therefore$ 1 kgs mango = $\frac{72}{48}$ kgs apple

$\therefore$ 12 kgs mango = $\frac{72\times12}{48}$ Apple = 18 kg Apple **Ans: 18 kg Apple**

3. **For making a cupboard it requires human labor three times the labor required to make a bench. Six carpenters can make 36 benches and 5 cupboards in 12 days. How many days will 10 carpenters require to make 61 benches and 8 cupboards?** *[Janata, Sonali, Agrani Rupali Bank (Officer) Exam -2008 (Written)] & [RAKUB-(SO)- 2011– (Written)]*

অর্থ: একটি বেঞ্চ বানাতে যতজন শ্রমিক লাগে একটি আলমারী বানাতে তার তিনগুণ শ্রমিক লাগে। ৬ জন মিস্ত্রি ১২ দিনে ৩৬ টি বেঞ্চ এবং ৫টি আলমারী তৈরী করতে পারে। ১০ জন মিস্ত্রিকে ৬১টি বেঞ্চ এবং ৮টি আলমারী তৈরী করতে কতদিন সময় লাগবে?

♦**Solution:** (সবগুলোকে একজাতীয় বানালে ঐকিক নিয়মে খুব সহজে সমাধান করা যাবে।)

1 Cupboard = 3 benches
$\therefore$ 5 Cupboard = $(3 \times 5) = 15$ benches
$\therefore$ 8 Cupboard = $(3\times8) = 24$ benches
$\therefore$ 36 Benches and 5 Cupboards = $(36 + 15) = 51$ Benches
and 61 benches and 8 Cupboards = $61 + 24 = 85$ Benches.

Now,
6 Carpenters can make 51 Benches in = 12 days
1 Carpenters can make 1 Benches in = $\frac{12\times6}{51}$ days (কম মিস্ত্রি বেশি দিন কিন্তু কম বেঞ্চ কম দিন)
10 Carpenters can make 85 Benches in = $\frac{12\times6\times85}{51\times10}$ (বেশি মিস্ত্রি কম দিন কিন্তু বেশি বেঞ্চ বেশি দিন।)
= 12 days. **Ans: 12 days.**

4. **A laborer is paid Tk. 20per hour for an 8-hour day . If he works overtime above 8 hours) in a single day. he is paid 1.5 times the rate he is paid for regular hours. If the laborer received Tk. 200 for a single day's work, how long did he work on that day?** *[Jibon Bima (Officer)-2009(Written)]& [One Bank Ltd. (PO) – 2008 –(Written)]*

অর্থ: একজন শ্রমিক দিনে ৮ ঘন্টা কাজের জন্য ঘন্টা প্রতি ২০ টাকা পান। যদি তিনি ওবারটাইম ৮ ঘন্টার অতিরিক্ত কাজ করেন তাহলে ঘন্টা প্রতি ১.৫ গুণ বেশি করে টকা পান। যদি তিনি ১ দিনে ২০০ টাকা পান তাহলে তিনি কতক্ষণ কাজ করেন ?

♦**Solution:**
In 8 hours he receives=Tk. 8×20 = Tk. 160
Per hour overtime payment rate= Tk. 20×1.5 = Tk. 30
Remaining amount=Tk. 200-160 =Tk. 40
For 40 Tk he works= $\frac{40}{30} = \frac{4}{3}$ hours. = 1.33hrs or 1 hr 20 minutes.
Total working time= 8+ 1.33hour =9.33
or 9 Hour 20 min **Ans:9hr 20min**

5. **A female worker of a factory serves on the basis of monthly salary. At the end of every year she gets a fixed increment. Her monthly salary becomes Tk. 4500 after 4 years of service and Tk. 5000 after 8 years of service. Find the salary at the beginning of her service and the amount of annual increment of salary.** *[Union Bank Ltd. (SO) -2014 (Written)]*

অর্থ: একজন মহিলা কর্মচারী একটি ফ্যাক্টরী তে মাসিক বেতনে চাকুরী করে। প্রতি বছর একটি নির্দিষ্ট হারে তার বেতন বৃদ্ধি পায়। ৪ বছর পর তার মাসিক বেতন ৪৫০০ টাকা এবং ৮ বছর পর বেতন ৫০০০ টাকা হলে শুরুতে তার বেতন কত ছিল বের করুন এবং তার বার্ষিক বেতন বৃদ্ধি কত তা ও বের করুন।

♦**Solution:**

After 8 years salary is 5000 tk.
After 4 years salary is 4500 tk.
4 years salary difference = 500 tk.

$\therefore$ 1 year salary difference $= \frac{500}{4} = 125$ tk. (এই টাকা প্রতিবছর বেতন বৃদ্ধি পায়।)

So, 1 year increament = 125 and 4 years increament = $(125 \times 4) = 400$
At beginning, salary was = 4500-500 = 4000 tk. (৪ বছর পরের বেতন থেকে বৃদ্ধি বাদ দিলে শুরুর বেতন)

Ans: Salary at beginning is 4000 tk. and Increment is 125 tk.

6. এক ব্যাক্তি মাসিক বেতনে চাকরি করেন । বছর শেষে নির্দিষ্ট বেতন বৃদ্ধি পান । চার বছর পর তার ৩৫০০ টাকা এবং ১০ বছর পর ৪২৫০ টাকা হলে, তার মাসিক কত টাকা বেতনে চাকরি শুরু হয় এবং বার্ষিক বৃদ্ধি কত? *[Sonali Bank Ltd. (SO) Written Exam.-2014-(written)]*

♦**সমাধান**

সাধারণ নিয়মে করার জন্য এর আগের প্রশ্নটির সমাধান দেখে করুন এখানে একই প্রশ্ন সমীকরণ ধরে সমাধান দেখানো হলো।

ধরি, ঐ ব্যক্তির চাকরি শুরু হয় = ক টাকায়
এবং তার বার্ষিক বৃদ্ধি = খ টাকা
$\therefore$ চার বছরে বৃদ্ধি হয় = ৪খ টাকা
এবং ১০ বছরে বৃদ্ধি হয় = ১০খ টাকা
প্রশ্নমতে, ক+৪খ = ৩,৫০০.....(১)
এবং ক+১০খ = ৪২৫০.....(২)

(২) নং হতে (১) নং বিয়োগ করে পাই
৬খ = ৭৫০
খ = ১২৫
১নং হতে ক = ৩৫০০- (১২৫×৪) = ৩০০০টাকা।

উত্তর: ব্যক্তির চাকরি শুরু হয়েছিল ৩০০০ টাকায় এবং বার্ষিক বৃদ্ধি ১২৫ টাকা

7. 4,000 soldiers in a camp have enough food for 190 days. After 30 days, 800 soldiers are posted elsewhere. How long would the remaining food last? *[Pubali Bank Ltd.(JO)-2013(written)]*

অর্থ: একটি ক্যাম্পে ৪০০০ জন সৈনিকের ১৯০ দিনের খাবার আছে। ৩০ দিন পর ৮০০ জন সৈন্যকে অন্য জায়গায় স্থানান্তরিত করা হলে অবশিষ্ট খাবার কতদিন চলবে?

♦**Solution:**

After 30 days 4000 soldiers have the food of (190 - 30) = 160 days
After posting of 800 soldiers, there are (4000 - 800) = 3200 soldiers.

4000 soldiers can eat = 160 days
1 soldiers can eat = 4000×160 days (কম লোক বেশিদিন খেতে পারবে তাই গুণ)
3200 soldiers can eat $= \frac{4000 \times 160}{3200} = 200$ **Ans: 200 days**

♦Time and work related:

8. A task can be completed in 20 days by 30 workers. How many additional workers need to be hired to complete the task in 15 days? *[Standard Bank (TAO)-2013(Written)]*

অর্থ: একটি কাজ ৩০ জন শ্রমিক ২০ দিনে সম্পন্ন করে। কাজটি ১৫ দিনে সম্পন্ন করতে অতিরিক্ত কতজন শ্রমিক নিয়োগ দিতে হবে ?

♦Solution:

To complet in 20 days requires = 30 workers,

" " 1 " " = 20×30 "

15 $= \frac{20 \times 30}{15} = 40$ workers.

Number of additional workers = (40-30) =10 **Ans. 10**

9. 60 workers can complete a work in 20 days. How many extra workers will be needed to do the same work in 15 days? *[IFIC Bank Ltd. (Off) – 2013 (Written)]*

অর্থ: ৬০ জন শ্রমিক একটি কাজ ২০ দিনে সম্পন্ন করে। ঐ কাজ ১৫ দিনে করতে কতজন নতুন শ্রমিকের প্রয়োজন হবে ?

♦Solution:

In 20 days the work is completed by = 60 workers

In 1 days the work is completed by = 60 × 20 workers

In 15 days the work is completed by = $\frac{20 \times 60}{15}$ = 80 workers

Extra worker needed = 80 - 60 = 20 **Ans: 20.**

10. A certain number of men can finish a piece of work in 100 days. If there were 10 men less, it would take 10 days more for the work to be finished. How many men were there originally?

অর্থ: কিছু লোক একটি কাজ ১০০ দিনে করতে পারে। যদি সেখানে ১০ জন কম থাকতো তাহলে কাজটি শেষ করতে ১০ দিন বেশি সময় লাগতো। সেখানে প্রকৃতপক্ষে কতজন ছিল?

♦Solution:

Originally let there be x men.

Then x man need =100days

∴1 " " = 100x days (১ জনকে বেশি দিন লাগবে তাই গুণ।)

x-10 $= \frac{100x}{x-10}$ days (১০ জন চলে যাওয়া আগের থেকে লোক কমে গেছে)

According to the question;

$\frac{100x}{x-10} = 110$ (১০ জন চলে যাওয়ার কারণে সময় লেগেছে আগের থেকে ১০ দিন বেশি অর্থাৎ ১০০+১০ = ১১০দিন।)

or $100x = 110x-1100$
or $10x = 1100$
$\therefore x=110$ **Ans: 110 men**

11. If 9 engines consume 24 metric tones of coal, when each is working 8 hours a day, how much coal will be required for 8 engines, each running 13 hours a day, it being given that 3 engines of former type consume as much as 4 engines of latter type? *[BB(Cash off)-2017] & [Janata Bank (EO-Civil)-2017(written)]*

অর্থ: ৯ টি ইঞ্জিন ৮ ঘন্টা করে কাজ করে ২৪ মেট্রিক টন কয়েল নি:শেষ করতে পারে। দৈনিক ১৩ ঘন্টা করে কাজ করে অপর(নতুন) ৮টি ইঞ্জিন কি পরিমাণ কয়েল নি:শেষ করতে পারবে? যদি পূর্বের ৩টি ইঞ্জিনের কার্যক্ষমতা বর্তমান নতুন ৪টি ইঞ্জিনের কার্যক্ষমতার সমান হয়?

♦Solution:
এই প্রশ্নটিতে সবার শেষের অংশটির অর্থ বোঝাই সবথেকে গুরুত্বপূর্ণ।
আগের ৩টি ইঞ্জিন যত টুকু কয়লা নি:শেষ করতো এখন ততটুকু কয়লা নি:শেষ করতে ৪টি ইঞ্জিন লাগে।
এই কথাটির অর্থ হচ্ছে পুরাতন ইঞ্জিনগুলো বেশি পাওয়ারফুল ছিল।
নতুন ৪ টি ইঞ্জিন = পূর্বের ৩টি ইঞ্জিন
$\therefore$ নতুন ৮টি ইঞ্জিন = পূর্বের ৬টি ইঞ্জিন। (উভয় পাশে ২গুণ)

♦Exam hall solution:
4 later type = 3 former type

$1 = \frac{3}{4}$ former type

8 later type $= \frac{3\times 8}{4} = 6$ former type

Now,
9 engines working 8 hours consume = 24m.tons coal

$\therefore 1 \quad 1 = \frac{24}{9\times 8}$ *(1 engine & 1 hrs consume less coal)*

$\therefore 6 \quad 13 = \frac{24\times 13\times 6}{9\times 8}$ *(6 engine & 13hrs consume more coal)*

$= 26$ m. tons **Ans: 26 m. tons**

12. 20 men can finish a work in 30 days. After how many days should 5 men leave the work so that the work may be finished in 35 days? *[BKB-(SO)-2017(Written)]*

অর্থ: ২০ জন শ্রমিক একটি কাজ ৩০ দিনে শেষ করতে পারে। কাজ শুরুর কতদিন পর ৫জন শ্রমিক চলে গেলে ঐ কাজটি শেষ করতে ৩৫ দিন লাগবে ?

♦Solution:
20 men can do in = 30 days So, 1 man can do $30 \times 20=600$ days
Let, 5 men left after= x days

According to the question;

So, $20x+15(35-x) = 20\times30$ *[২০ জনের x দিনের কাজ + ১৫ জনের অবশিষ্ট দিনের কাজ = ২০ জনের মোট কাজ]*

Or, $20x+525-15x = 600$

Or, $5x = 75$

$\therefore x = 15$ *(ঠিক এই বিষয়টিই নিচের যুক্তির সাথে মিলিয়ে নিন।)* **Ans: 15 days**

◆বুঝে বুঝে সমাধান করতে চাইলে এভাবে ভাবুন এবং অন্য প্রশ্নেও চেষ্টা করুন + এমসিকিউ পরীক্ষায় কাজে লাগবে।

কাজটিতে মোট মজুরী প্রয়োজন ২০×৩০ = ৬০০টি। *(১জনের ১ দিনের কাজ = ১টি মজুরী)*

যদি ঐ ৫জন প্রথম দিনে চলে যেত তাহলে মজুর হতো ৩৫×১৫ = ৫২৫টি।

আরো মজুরের প্রয়োজন ৬০০-৫২৫ = ৭৫টি।

এখন ঐ ৫ জন লোক এই ৭৫টি মজুরের কাজ করে চলে গেছে।

৭৫টি মজুরের কাজ করতে সময় লেগেছে ৭৫÷ ৫ = ১৫দিন।

তাহলে ৫ জন লোক ১৫ দিন কাজ করার পর চলে গিয়েছিল।

13. John appointed 25 persons to complete a small bridge in 40 days. After 20 days he appointed 15 more workers and the bridge was completed 5 days earlier. If he had not appointed additional workers by how many days he would have been behind the scheduled time? *(IBA MBA-59 Intake)*

অর্থ: এক ব্যাক্তি ৪০ দিনে তার দালানের কাজ শেষ করার জন্য ২৫ জন লোক নিয়োগ দিলেন। ২০ দিন পর তিনি আরো ১৫ জন লোক নিয়োগ দিলেন এবং কাজটি ৫দিন আগে শেষ হয়ে গেল। অতিরিক্ত লোক নিয়োগ না দিলে তিনি নির্ধারিত সময়ের কতদিন পরে কাজটি শেষ করতেন? *[BADC (AC)-2017]*

◆সমাধান:

দিন অবশিষ্ট আছে = ৪০-২০= ২০ দিন

৫ দিন আগে শেষ হয় = ২০- ৫ = ১৫ দিনে

অতিরিক্ত লোক নিয়োগ = ২৫+১৫ = ৪০ জন।

৪০ জন কাজটি করে = ১৫ দিনে (আগের ২৫ + নতুন ১৫ জন সহ কাজটি করলে ১৫ দিনে শেষ হয়)

১ = ১৫×৪০ "

২৫ $= \frac{১৫\times৪০}{২৫}$ (নতুন ১৫ জন নিয়োগ না দিয়ে আগের ২৫ জন ই করলে ২৪ দিন লাগতো।)

= ২৪ দিন

অতিরিক্ত লোক নিয়োগ না দিলে সময় বেশি লাগত = ২৪ - ২০ = ৪ দিন $\therefore$ উত্তর : ৪ দিন

◆বিকল্প সমাধান:

ধরি, কাজটি শেষ করতে মোট সময় লাগবে **ক** দিন।

তাহলে ২৫ জনকে মোট লাগবে = ২৫ক দিন।

প্রশ্নমতে,

২৫ক = (২০×২৫) +(১৫×৪০) =(২৫ জন ২০দিন কাজ করার পর ২৫+১৫ = ৪০ জন করেছে ১৫দিন, কারণ মোটদিন ৪০-৫=৩৫)

বা, ২৫ক = ১১০০

সুতরাং ক = ৪৪ দিন।

অতিরিক্ত লোক লাগানো না হলে সময় বেশি লাগতো: ৪৪-৪০ = ৪ দিন। উত্তর: ৪ দিন

14. A contractor undertook to do a certain piece of work in 40 days. He engages 100 men at the beginning and 100 more after 35 days and completes the work in stipulated (চুক্তিমাফিক) time. If he had not engaged the additional men, how many days behind schedule would it be finished? *[Janata Bank- (EO)-2017(Written)]*

অর্থ: একজন ঠিকাদার ৪০ দিনে একটি কাজ শেষ করে দেয়ার চুক্তি করলো। শুরুতে ১০০ জন লোককে কাজে লাগানোর ৩৫ দিন পর আরো ১০০জনকে কাজে লাগানো হলো এবং যথা সময়ে কাজটি শেষ হলো । যদি অতিরিক্ত লোকদেরকে কাজে লাগানো না হতো তাহলে কাজটি শেষ হতে অতিরিক্ত কতদিন লাগতো?

♦Solution:

Days left 40 days- 35 days = 5 days (৪০ দিনের কাজ ৩৫দিন পর্যন্ত করলে অবশিষ্ট থাকে ৫ দিন।)

Total men = 100+100 = 200 (নতুন ১০০ লোক আসায় বর্তমান লোক সংখ্যা ২০০ জন।)

200 men can complete in = 5 days

1 '' '' '' '' = 5×200 days

100 men '' $= \frac{5\times 200}{100} = 10$ days. (অতিরিক্ত ১০০ জন না আসলে ১০ দিন লাগতো।)

So, it would finish behind the schedule = 10-5 = 5 days. **Ans: 5days**

(অর্থাৎ ৫ দিনে শেষ করলে সিডিউল টাইমে শেষ হতো। কিন্তু তা যদি ১০ দিন লেগে যায় তাহলে ৫ দিন লেট হবে।)

15. Four persons, each of whom works at the same rate, were to complete a job according to a schedule. However, because of a argument, two of the 4 quit after working for 1 day. The remaining persons finished the job, but it required 2 more days than what had originally been scheduled. How many days were originally scheduled for completion of the job? *[DBBL (PO)] -2003- (Written)]*

অর্থ: ৪ জন লোক একই হারে কাজ করতে পারে যাদেরকে একটি কাজ একটি নির্দিষ্ট সময়ে শেষ করতে হবে। তারা একত্রে কাজ করার ১ দিন পর ২ জন চলে যায় এবং অবশিষ্ট লোকেরা কাজটি শেষ করতে নির্দিষ্ট সময়ের থেকে ২ দিন বেশি সময় নেয়। কাজটি শেষ করার জন্য শুরুতে কতদিন সময় নির্ধারণ করা হয়েছিল?

♦Solution:

Let scheduled time was = x days

4 Persons need x days to complete 1 portion.

4 persons need 1 day to complete = $\frac{1}{x}$ portion

The remaning work =1- $\frac{1}{x}$ = $\frac{x-1}{x}$ Portion

Now $\frac{x-1}{x}$ Portion of the work is done by the remaining 2 persons in= (x + 2 - 1) = (x + 1)d

Again, 4 persons need 1 day to complete = $\frac{1}{x}$ portions

1 person need 1 day to complete = $\frac{1}{4x}$ portion

2 Persons need 1 day to complete = $\frac{2}{4x}$ portion

2 Person need (x+1) days to complete = $\frac{2(x+1)}{4x}$ portion

According to question,

$\frac{2(x+1)}{4x} = \frac{x-1}{x}$

$\Rightarrow \frac{x+1}{2} = x-1$

$\Rightarrow$ x+1 = 2x -2

$\therefore x = 3$ **Ans: 3days**

♦**Alternative solution:** **(এই নিয়মটা পরীক্ষায় প্রয়োগ করা সহজ এবং বেশি যুক্তি যুক্ত হবে।)**

Let scheduled time was = x days

Remaining days after working 1 day = x-1

if 4 person work then time required = x-1 days,

if 1 '' '' '' '' '' = 4 (x-1) ''

if 2 = $\frac{4(x-1)}{2}$ '' = 2(x-1) = 2x-2 days.

So total days required when 2 left = 1+2x-2 (আগের ১ দিন এবং ২ জন চলে যাওয়ার পওে 2x-2 দিন।)

= 2x-1

According to the question,

2x-1 = x+2 (২ জন চলে যাওয়ায় যে সময় লাগে তা আগের সময়ের থেকে ২ দিন বেশি।)

$\therefore x = 3$ days **Ans: 3days.**

প্রমাণ (শুধুমাত্র বোঝার জন্য): ৪ জনকে মোট ৩ দিন লাগলে মোট মজুরী লাগতো ৪×৩ = ১২টি। প্রথমে ১দিন ৪ জন কাজ করায় ৪টি মজুরের কাজ হয়ে যাওয়ায় অবশিষ্ট ১২-৪ = ৮টি মজুরের কাজ করেছিল ৪-২ = ২জন তাদের সময় লেগেছিল ৮÷২ = ৪দিন। শুরুর সময় ৩ দিন এবং ২ জন চলে গেলে মোট সময় লাগে ১+৪ = ৫ দিন। যা সিডিউল সময়ের থেকে ৫-৩ = ২ দিন বেশি।

16. A signed a contract for building a road of 1920 meters long within 120 days. He employed 160 workers for this task. But after 24 days he found that only $\frac{1}{8}$ of the task has been finished. If A want to finish the road in time how many additional workers he has to employee? *[Dhaka Bank (MTO)-2016)(written)] & [UCBL –(PO)-2017 (Written)]*

অর্থ: একজন ঠিকাদার ১৯২০ মিটার দীর্ঘ রাস্তা ১২০ দিনে নির্মাণ করে দেয়ার জন্য ১৬০ জন শ্রমিক নিয়োগ করল। ২৪ দিন পর, $\frac{১}{৮}$ অংশ কাজ সম্পন্ন হল। নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করতে হলে অতিরিক্ত কতজন শ্রমিক নিয়োগ করতে হবে?

♦**Solution:**

Days remaining =120 -24 = 96

Work done = $\frac{1920}{8}$ = 240 meter and work remaining = 1920-240 = 1680 meter

240 meter is done in 24 days by =160 men

$\therefore$ 1 1 '' $\frac{160\times 24}{240}$ men. [কম কাজ তাই ভাগ এবং কম দিনে করলে বেশি সময় তাই গুণ]

$\therefore$ 1680 '' 96 '' $\frac{160\times 24\times 1680}{240\times 96}$ men[২৪০ এর বিপরীতে ১৬৮০ এবং ২৪ এর বিপরীতে ৯৬]

= 280 men

Additional men need = 280 -160 = 120Men.

♦**Alternative solution: (এই নিয়মে করলে বড় বড় সংখ্যার হিসবে করতে হবে না এভাবেই সহজ)**

Days remaining =120 -24 = 96

Work done = $\frac{1}{8}$ part and work remaining = $1-\frac{1}{8}=\frac{7}{8}$ part.

In 24 days $\frac{1}{8}$ part is done by = 160 men.

'' 1 1 '' =160×24×8 (কম দিনে বেশি লোক তাই গুণ, ১অংশ আরো বেশি তাই আবার উল্টিয়ে গুণ)

'' 96 $\frac{7}{8}$ '' $=\frac{160\times 24\times 8}{96}\times\frac{7}{8}$ Men. (২৪ এর বিপরীতে ৯৬ এবং $\frac{৭}{৮}$ সরাসরি গুণ।)

= 280 men

Additional men need = 280 -160 = 120Men. **Ans: 120men**

♦**কৌতুহল? ১৯২০ কোথায় গেল?** এখানে ১৯২০ হচ্ছে একটা কাজ যা ১ অংশ। এখানে যখন এই ১ অংশ থেকে ১/৮ অংশ কাজ হয়ে যায় এবং ৭/৮ অংশ বাকী থাকে বোঝায় তখন সেই ১/৮ অংশ এবং ৭/৮ অংশের ভেতরেই ১৯২০ আছে। ভগ্নাংশ দুটি ধরে হিসেব করলে ১৯২০ এর আলাদা হিসেবে করতে হবে না।

♦Learning point:

ঐকিক নিয়মের প্রশ্নে প্রথম বার ভগ্নাংশ আসলে উল্টিয়ে গুণ হয় আর দ্বিতীয়বার ভগ্নাংশ আসলে সরাসরি গুণ হয়।

17. A contract is to be completed in 56 days and 104 men were set to work, each working 8 hours a day. After 30 days. 2/5 of the work is completed. How many additional men be employed, so that the work may be completed in time if each man works 9 hours a day? *[Al-Arafah Islami Bank (MTO)-2011(Written)]*

অর্থ: একটি চুক্তি ৫৬ দিনে শেষ করতে হবে এবং এ জন্য ১০৪ জন লোক কাজে লাগানো হয় যারা প্রত্যেকে দৈনিক ৮ ঘন্টা করে কাজ করবে। ৩০ দিনে কাজের ২/৫ অংশ শেষ হয়। যদি বাকি দিন গুলোতে প্রত্যেকে ৯ ঘন্টা করে কাজ করে তাহলে নির্দিষ্ট সময়ে কাজ শেষ করতে হলে আর কতজন লোক কাজে লাগাতে হবে ? [৩২৬]

♦**Solution:**

Remaining Days= 56-30 = 26

Remaining work $=1-\frac{2}{5}=\frac{3}{5}$ parts.

In 30 days working 8 hours completed $\frac{2}{5}$ part work by = 104 men

$\therefore$ In 1 day working 1 hour completed 1 part work by $104\times\frac{5}{2}\times8\times30$ men

In 26 days working 9 hours completed $\frac{3}{5}$ part work by $=\frac{104\times5\times8\times30}{26\times2\times9}\times\frac{3}{5}=160$ men

Additional men needed= 160-104 = 56. **Ans: 56 men.**

18. A contract is to be completed in 46 days and 117 men were set to work, each working 8 hours a day. After 33 days, 4/7 of the work is completed. How many additional men may be employed so that the work may be completed in time, each man now working 9 hours a day? *[Probasy Kallyan Bank Ltd.(SO)-2014(Written)] & RAKUB (Officer)-2011(Written)]*

অর্থ: ৮ ঘন্টা করে কাজ করে ১১৭জন লোক ৪৬ দিনে একটি কাজ করার চুক্তি করে। ৩৩ দিন পর দেখা গেল ৪/৭ অংশ কাজ হয়েছে। ৯ ঘন্টা করে পরিশ্রম করে কাজটি ঐ সময়ে সমাধান করতে হলে অতিরিক্ত কয় জন লোক নিয়োগ দিতে হবে?

♦Solution :

Remaining Work = $(1-\frac{4}{7})=\frac{3}{7}$

and remaining time = (46 – 33) = 13 days

In 33 days working 8 hrs $\frac{4}{7}$ part is completed by = 117 men.

" 1 1 1 $=117\times8\times33\times\frac{7}{4}$ *(ঘন্টা কমলে বেশি লোক, দিন কমলেও বেশি তাই গুণ)*

9 " 13 $\frac{3}{7}$ $=\frac{117\times8\times33}{9\times13}\times\frac{7}{4}\times\frac{3}{7}$ *(সবগুলোতে উপরের নিয়মের বিপরীত)*

$=198$ (অর্থাৎ যথা সময়ে কাজ শেষ করার জন্য 198 জন লোক লাগবে।)

Additional men required = (198-117) = 81 person **Ans: 81 persons**

♦Men, Women and Boys related math: *(important for preli+written exams)*

19. 4 men and 6 women can complete a work in 8 days, while 3 men and 7 women can complete it in 10 days. In how many days will 10 Women complete it. *[Basic Bank- (AM)-2018]*

অর্থ: ৪ জন পুরুষ এবং ৬ জন মহিলা যে কাজ ৮ দিনে করতে পারে একই কাজ ৩জন পুরুষ এবং ৭জন মহিলা ১০ দিনে করতে পারে। ১০ জন মহিলা ঐ কাজটি কতদিনে করতে পারবে?

♦**Solution: (Formal way)**

Let, 1 Man's 1 day's work = x

1 Woman's 1 day's work=y

According to question,

$4x+6y=\frac{1}{8}$ .....(i) and $3x+7y=\frac{1}{10}$ .....(ii)

(i)×3 & (ii)×4 we get,

$12x+18y=\frac{3}{8}$ .....(iii)

and $12x+28y=\frac{4}{10}$ .....(iv)

Subtracting (iii) from (iv), we get,

$10y=\frac{4}{10}-\frac{3}{8}$ $\Rightarrow 10y=\frac{16-15}{40}$ $\Rightarrow 10y=\frac{1}{40}$

So, 10 woman's 1 day's work=$10y=\frac{1}{40}$ (১০ জনে ১ দিনে ১/৪০ অংশ করতে পারলে ১ অংশ করতে ৪০ দিন)

So, 10 Women can do the work in 40 days **Ans: 40days**

♦**Easy way:**

(এই নিয়মটি হলো সবাইকে এক জাতীয় বানিয়ে তারপর সাধারণ ঐকিকের মত হিসেব। দ্রুত করার জন্য সহজ নিয়ম**)**

(4men + 6 women) ×8 = (3men + 7 women)×10 [যেহেতু প্রথমে ৮দিন এবং পরে ১০ দিন তাই গুণ]

∴32men + 48women = 30men + 70 women

or, 2men = 22women

So, 1 = 11 women. [এভাবে পুরুষ মহিলার অনুপাত বা তুলনা বের করা যায় ১ জন পুরুষ ১১ জন মহিলার সমান]

Now

4men + women = 44women + 6 women = 50 (সবাইকে মহিলা বানানো হয়েছে যাতে একজাতীয় হয়)

50 women need = 8 days (প্রশ্নর শুরুতে বলা আছে)

So, 1 = 50×8 days

and 10 $=\frac{50\times 8}{10}$ = 40 days. **Ans: 40days**

20. 2 men and 7 boys can do a piece of work in 14 days; 3 men and 8 boys can do the same in 11 days. Then, 8 men and 6 boys can do three times the amount of this work in : *[Uttara Bank (PO)-2017]*

অর্থ: ২ জন পুরুষ এবং ৭ জন বালক একটি কাজ ১৪ দিনে করতে পারে। একই কাজটি ৩জন পুরুষ এবং ৮ জন বালক ১১ দিনে করতে পারে। ৮জন পুরুষ এবং ৬জন বালক ঐ কাজটির তিনগুণ কাজ কতদিনে করতে পারবে?

♦**Solution:**

(এ ধরণের প্রশ্নগুলো সাধারণত লিখিত পরীক্ষায় আসে। তবে প্রিলির কোন পরীক্ষায় আসলে নিচের নিয়মে মাঝের কথাগুলো বাদ দিয়ে শুধু সংখ্যাগুলোর হিসেব করলে দ্রুত উত্তর বের করা সম্ভব।)

(2×14) men + (7×14) = (3×11) men + (8×11) = [১৪ দিনে (পু+বা) করা কাজ = ১১ দিনে (পু+বা) কাজ]

28men + 108boys = 33men + 88boys

⇒28men -33men =88boys-108boys

..5 men= 10 boys

So, 1man= 2 boys (অর্থাৎ সমীকরণ সমাধান করে পাওয়া গেল যে ১ জন পুরুষ ২ জন বালকের সমান কাজ করে।)

এখন পুরষদেরকে বালকদের মাধ্যমে পরিবর্তন করে হিসেব করলে সাধারণ ঐকিক নিয়মের মত দ্রুত সাজানো যাবে।

(2 men+ 7 boys) = (2 ×2 +7) boys = 11 boys (প্রথম অংশের সবাইকে বালক বানানো হলো)

(8 men + 6 boys) = (8 ×2 +6) boys = 22 boys. (যা বের করতে বলা হয়েছে সেটাকেও বালক বানানো হল)

এখন ঐকিক নিয়মে সাজালে

11 boys can do the work in = 14days

So, 1 boy can do it in = 14×11days

Then 22 boys can do it in = $\frac{14\times11}{22}$ = 7days

Hence, the required number of days to do **thrice** (তিনগুণ) the work is =7×3 = 21 **Ans:21**

21. 2 men and 3 boys can do a piece of work in 10 days while 3 men and 2 boys can do the same work in 8 days. In how many days can 2 men and 1 boy do the work? *[Pubali Bank Ltd. (SO) -2014- (Written)], [Janata AEO Ltd. (Teller) – 2015], [RAKUB(SO)-2015-(Written)]& [BB (Cash)-2015-(Written)]*

অর্থ: ২ জন পুরুষ ও ৩ জন বালক একটি কাজ ১০ দিনে করে যখন ৩ জন পুরুষ ও ২ জন বালক ঐ কাজটি ৮ দিনে করতে পারে। ২ জন পুরুষ ও ১ জন বালক কাজটি কয়দিনে করতে পারবে ?

♦**Solution :** (এই নিয়মটা সহজ, প্রিলিতে আসলে দ্রুত উত্তর বের করা যায়।)

(2 men + 3 boys)'s 10 days work = (3 men + 2 boys)'s 8 days work

(20 men + 30 boys)'s 1 days work = (24 men + 16 boys)'s 1 days work

20men – 24men = 16 boys-30 boys

4 men = 14 boys

1 man = $\frac{14}{4}$ boys

1×2 men = $\frac{14}{4}\times2$ = 7 boys (অর্থাৎ বোঝা গেল যে ২ জন পুরুষ = ৭ জন বালক, এটা ধরেই পরের কাজ।)

2 men + 3 boys = 7 boys + 3 boys = 10 boys (২পু এবং ৩ বালক মিলে একত্রে ১০ বালকের সমান।)

and 2 men + 1 boy = 7 boys + 1 boy = 8 boys(২পু এবং ১ বালক মিলে একত্রে ৮ বালকের সমান।)

10 boys can do the work in = 10 days

∴1 '' '' '' '' '' '' = 10×10 days.

1 = $\frac{10\times10}{8}$ = 12.5 days **Ans: 12.5 days**

♦ **Alternative solution:** (লিখিত এর জন্য সমীকরণ সাজাতে পারলে এভাবেও করতে পারবেন উপরেরটা ও লিখিত ।)

In 1 day,

2 men and 3 boys do = $\frac{1}{10}$ part (i)

3 men and 2 boys do = $\frac{1}{8}$ part ·····(ii)

5 men and 5 boys do = $\frac{9}{40}$ part

So, in 1 day 1 man and 1 boy do = $\frac{9}{200}$ part ·····(iii)

We find from (ii) - (iii)

2 men and 1 boy do = $\frac{1}{8} - \frac{9}{200} = \frac{25-9}{200} = \frac{2}{25}$ part

So, 2 men and 1 boy do $\frac{2}{25}$ part work in 1 day

2 men and 1 boy do 1 part (whole work) in $\frac{25}{2}$ days = 12.5 days **Ans:12.5 days**

22. 2 men and 5 women completed 1/4th of a job in 3 days. After that another man joined them and they all complete the next 1/4th of the job in 2days. How many men can complete the whole job in 4 days? *[BB (AD)-2014, PKSF (Asst. Manager)-2009, NCC Bank (Officer)-2002(Written)]& [Pubali Bank (*JO*)-2013(written)]-*

অর্থ: ২ জন পুরুষ এবং ৫ জন মহিলার একটি দল ৩ দিনে কোন কাজের এক - চতুর্থাংশ শেষ করে। অপর একজন মানুষ তাদের সাথে যোগ দেয়ায় পরবর্তী ২ দিনে কাজটির আরো এক - চতুর্থাংশ সম্পন্ন হলো। কতজন পুরুষ ৪ দিনে সম্পূর্ণ কাজটি শেষ করতে পারবে?

♦ **Solution:**

(2 men + 5 Women) can do in 3 days = $\frac{1}{4}$ part.

" 1 = $\frac{1}{4\times 3} = \frac{1}{12}$ ------ (i)

After joining 1 man

((2+1)=3 men + 5 Women) can do in 2 days = $\frac{1}{4}$ part.

(3 men + 5 Women) can do in 1 day = $\frac{1}{8}$ part. (ii)

by subtracting (i) from (ii)

1 man can do in 1 day $\frac{1}{8} - \frac{1}{12} = \frac{3-2}{24} = \frac{1}{24}$ *[3m+5w – (2m+5w) = 1m in 1 day]*

∴ 1 man can do the whole work in = 24 days

So, for 24 days required = 1 man. (যেহেতু কাজটি ২৪ দিনে না হয়ে ৪ দিনে হয়েছে অর্থ লোক বেশি লাগবে)

'' 1 '' = 1×24 = 24 men.

4 = $\frac{24}{4}$ = 6 men **Ans: 6 men**

23. 12 men can complete a piece of work in 4 days, while 15 women can complete the same work in 4 days. 6 men start working on the job and after working for two days, all of them stop working. How many women should be put on the job to complete the remaining work, if it is to be completed in 3 days?

অর্থ: ১২ জন পুরুষ একটি কাজ ৪ দিনে শেষ করে যেখানে ১৫ জন মহিলা ঐ কাজটি ৪দিনে শেষ করতে পারে। ৬ জন পুরুষ কাজ শুরু করার ২ দিন পরে সবাই কাজ বন্ধ করে দেয়। ৩ দিনে অবশিষ্ট কাজ শেষ করতে হলে কতজন মহিলাকে নিয়োগ দিতে হবে ?

♦**Solution:**

12 men can complete the work in = 4 days

1 man's 1 day's work = $\frac{1}{48}$

15 women can complete the same work in 4 days

1 woman's 1 day's work = $\frac{1}{60}$

6 men's 2 day's work = $\frac{6\times 2}{48} = \frac{1}{4}$

Remaining work = 1 - $\frac{1}{4} = \frac{3}{4}$

Now, $\frac{1}{60}$ work is done in 1 day by 1 woman.

So $\frac{3}{4}$ work will be done in 3 days by $(60 \times \frac{3}{4} \times \frac{1}{3}) = 15$ women.

গণিতের বিভিন্ন অধ্যায় ভিত্তিক ভিডিও দেখতে
You-tube এ : Khairul's Basic Math
লিখে সার্চ দিন।

♦Practice Part:

1. 39 persons can repair a road in 12 days, working 5 hours a day. In how many days will 30 persons, working 6 hours a day, complete the work?

2. 8 persons can build a wall 140m long in 42 days. In how many days can 30 persons complete a similar wall 100 m long?

3. A certain number of men complete a piece of work in 60 days.if there were 8 men more than the work could be finish in 10 days less.How many men were orginally there?

4. If 5 engines consume 6 metric tones of coal when each is running 9 hours a day, how much coal (in metric tones) will be needed for 8 engines, each running 10 hours a day, it being given that 3 engines of the former type consume as much as 4 engines of latter type?

5. 400 person working 9 hours per day complete $\frac{1}{4}$th of the work in 10 days. The number of additional persons, working 8 hours per day required to complete the remaining,working in 20 days is ?

6. A group of workers promise to complete a piece of work in 10 days, but five of them do not report for work. If it took the remaining workers 12 days to complete the work, then the number of workers originally hired was- *[Uttara Bank (PO)-2017]*

7. A contractor undertakes to complete a work in 130 days. He employs 150 men for 25 days and they complete 1/4 of the work . He then reduces the number of men to 100, who work for 60 days, after which there are 10 days holidays. How many men must be employed for the remaining period to finish the work?

8. A fort had provision of food for 150 men for 45 days. After 10 days, 25 men left the fort. The number of days for which the remaining food will last, is:

9. A garrison had provisions for a certain number of days. After 10 days, $\frac{1}{5}$of the men desert and it is found that the provisions will now last just as long as before. How long was that?

10. 12 men can complete a work in 8 days. 16 women can complete the same work in 12 days. 8 men and 8 women started working and worked for 6 days. How many more men are to be added to complete the remaining work in 1 day?

11. 30 people can build a house in 20 days. Because of bad weather 10 days after starting work they have stopped working for 6 days. How many additional people will need to complete the work in due time?

উপরের আলোচনাতে এরকম প্রশ্নের সমাধান দেখে এই দুটি প্রশ্নের সমাধান নিজে করুন।

12. একজন ঠিকাদার একটি কাজ ৮০ দিনে সম্পন্ন করার চুক্তিতে ৬০ জন লোক নিযুক্ত করল। ২০ দিন পরে দেখা গেল যে, কাজের মাত্র $\frac{১}{৫}$ অংশ সম্পন্ন হয়েছে। নির্দিষ্ট সময়ে (৮০দিনে) কাজটি সম্পন্ন করতে হলে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করতে হবে? *[২২তম বি সি এস (লিখিত)]*

13. একজন ঠিকাদার একটি কাজ ৫০ দিনে সম্পন্ন করার চুক্তিতে ২০ জন লোক নিযুক্ত করল। ২০ দিন পরে দেখা গেল যে, কাজের মাত্র $\frac{১}{৪}$ অংশ সম্পন্ন হয়েছে। নির্দিষ্ট সময়ে কাজটি সম্পন্ন করতে হলে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করতে হবে? *[১১ তম বি সি এস-(লিখিত)]*

14. Some workers can complete a work in 18 days. But 9 of them absent, the work was completed in 36 days. How many days were done when 36 workers were employed?

15. 10 men can complete a work in 7 days. But 10 women need 14 days to complete the same work. How many days will 5 men and 10 women need to complete the work?

16. 6 men and 8 women can complete a work in 10 days. 26 men and 48 women can finish the same work in 2 days. 15 men and 20 women can do the same work in - days.?

==========×==========×==========×==========×==========

♦Answers, Meanings and Solutions♦

1. Ans: 13

অর্থ: ৩৯ জন লোক প্রতিদিন ৫ ঘন্টা করে কাজ করে একটি রাস্তা ১২ দিনে মেরামত করতে পারে। ৩০ জন লোক দৈনিক ৬ ঘন্টা করে কাজ করে কতদিনে ঐ কাজটি শেষ করতে পারবে?

♦Solution :

39 men working 5 hours a day need = 12 days

1 men working 1 hours a day need = 12×39×5 days (কম লোক = বেশি দিন আবার কম ঘন্টা = বেশি)

30 men working 6 hours a day need $= \frac{12\times 39\times 5}{30\times 6}$ (দ্বিতীয় লাইনের সম্পূর্ণ বিপরীত)

$= 13$ days.

2. Ans: 8.

অর্থ: ৮ জন লোক ৪২ দিনে ১৪০ মিটার দীর্ঘ একটি দেয়াল তৈরী করতে পারে। ৩০ জন মানুষ কত দিনে ১০০ মিটার লম্বা একটি রাস্তা তৈরী করতে পারবে?

♦**Solution :**

Hints: $\frac{42\times 8\times 100}{30\times 140}$ = 8days.

3. Ans: 40 men.

অর্থ: কিছু নির্দিষ্ট লোক একটি কাজ ৬০ দিনে করতে পারে। যদি সেখানে ৮ জন লোক বেশি থাকে তাহলে কাজটি শেষ হতে ১০দিন সময় কম লাগে। শুরুতে কতজন লোক ছিল?

♦**Solution :**

Let,
Initially there were = x men
x men need = 60 days,
1 man '' = 60x ''
x+8 men '' = $\frac{60x}{x+8}$ men. (৮ জন বেশি থাকলে এত দিন লাগতো যা আগের ৬০ দিন থেকে ১০ দিন কম)

According to the question,

$\frac{60x}{x+8}$ = 60-10 (Since it requires 10 days less)
or, 60x = 50x+400
or, 10x = 400
$\therefore x = 40$

4. Ans: 8days

অর্থ: পাঁচটি ইঞ্জিন প্রতিদিন ৯ ঘন্টা করে চালালে যদি ৬ টন কয়লা লাগে। আটটি ইঞ্জিনের প্রত্যেক দিনে ১০ ঘন্টা করে চালালে কত টন কয়লা লাগবে? যেখানে প্রথম ধরণের তিনটি ইঞ্জিনের জন্য যতটুকু কয়লা লাগে, দ্বিতীয় ধরণের চারটি ইঞ্জিনের ততটুকু কয়লা লাগে।

♦**Solution :**

নতুন ৪ টি ইঞ্জিন = পূর্বের ৩টি ইঞ্জিন
$\therefore$ নতুন ৮টি ইঞ্জিন = পূর্বের ৬টি ইঞ্জিন। (উভয় পাশে ২গুণ)
New 4 engines = Old 3 engines

$1 = \frac{3}{4}$

$8 = \frac{3\times 8}{4} = 6$ engines

Now,
5 old engines working 9 hours consume = 6 m.tons coal

$\therefore 1 \quad 1 = \frac{6}{5\times 9}$ *(1 engine & 1 hrs consume less coal)*

$\therefore 6 \quad 10 = \frac{6\times 6\times 10}{5\times 9}$ *(6 engine & 10hrs consume more coal)*

= 8 days

5. Ans: 275

অর্থ: ৪০০ জন লোক দৈনিক ৯ ঘন্টা করে কাজ করে একটি কাজের এক -চতুর্থাংশ ১০ দিনে শেষ করে। দৈনিক ৮ ঘন্টা করে কাজ করে ২০ দিনে অবশিষ্ট কাজ শেষ করতে অতিরিক্ত কতজন লোকের প্রয়োজন?

♦Solution:

Work done $\frac{1}{4}$th in 10 days. So work left 1-$\frac{1}{4}$ = $\frac{3}{4}$

$\frac{1}{4}$th needs 10 days so $\frac{3}{4}$th need 30 days to complete

Now,

30days need, working 9 hours for = 400 persons

$\therefore$ 1 '' '' '' 1 '' '' = 400×30×9 *(less day more men and less hr more men)*

$\therefore$ 20 '' 8 = $\frac{400\times30\times9}{20\times8}$ *(less day more men and less hr more men)*

= 675 persons.

So, persons to be added 675-400 = 275

6. Ans: 30

অর্থ: কিছু লোক একটি কাজ ১০ দিনে করে দিবে বলে ঠিক করলো। কিন্তু তাদের মধ্যে ৫ জন অনুপস্থিত থাকায় কাজটি করতে অবশিষ্ট লোকদেরকে ১২ দিন লাগলো। শুরুতে কতজন লোককে নিযুক্ত করা হয়েছিল?

♦Solution:

Let the workers promised were = x [প্রথমে কতজন করার কথা ছিল তা জানা না থাকায় x ধরা হলো]

The workers worked were x-5

Now

x workers need = 10days

1 worker need = 10x days [কম লোক কাজ করলে বেশিদিন লাগবে তাই গুণ।]

So, x-5 workers need = $\frac{10x}{x-5}$ days

According to the question,

$\frac{10x}{x-5}$ = 12 [যেহেতু ৫ জন অনুপস্থিত থাকায় কাজটি শেষ হতে ১২ দিন লেগেছিল।]

Or, 12x-60 = 10x

or, 2x = 60

$\therefore$ x = 30

7. Ans: 50 men

অর্থ: একজন ঠিকাদার একটি কাজ ১৩০ দিনে শেষ করার সিদ্ধান্ত নিল। সে ১৫০ জন শ্রমিক লাগিয়ে ২৫ দিনে কাজের ১/৪ অংশ শেষ করার পর ১০০ জন শ্রমিক দিয়ে ৬০ দিন কাজ করালো। এরপর ১০ দিন ছুটি। অবশিষ্ট কাজ যথা সময়ে শেষ করার জন্য তাকে কতজন নতুন শ্রমিক নিয়োগ দিতে হবে?

♦**Solution:**

150 men in 25 days do = $\frac{1}{4}$ part of the work

1 men in 1 days do = $\frac{1}{4\times150\times25}$ part of the work

100 men in 60 days do = $\frac{1\times100\times60}{4\times150\times25}$ part = $\frac{2}{5}$ part of the work

Work done in first 25+60 = 85 days = $\frac{1}{4}+\frac{2}{5}=\frac{5+8}{20}=\frac{13}{20}$

Work remaining = $1-\frac{13}{20}=\frac{7}{20}$ part

days left = 130- (25+60+10holidays) = 100-95 = 35 days (এত দিনে অবশিষ্ট কাজটুকু করতে হবে।)

in 25 days do $\frac{1}{4}$ part is completed by =150 men. (100 জন 60 দিনে $\frac{2}{5}$ করে এই অংশ দিয়েও হয়)

∴in1 day day 1 part is completed by =150×25×4 men.

in 35 days do $\frac{7}{20}$ part is completed by = $\frac{150\times25\times4}{35}\times\frac{7}{20}$ men. = 150 men.

Since he has now = 100 men, So need to employ 150-100 = 50 men

8. Ans: 42 days

অর্থ: একটি দূর্গে ১৫০ জন মানুষের ৪৫ দিনের খাবার আছে। ১০ দিন পর ২৫ জন চলে গেলে অবশিষ্ট খাবার কতদিন চলবে?

♦**Solution :**

After 10 days 150 men had food of (45-10) = 35 days

Men left now 150-25 = 125 men

150 men had food for = 35 days. (150 জনই খেলে এতদিন যেতো)

150 men had food for = 35×150 days.

125 men had food for = $\frac{35\times150}{125}$ days. = 42 days.

9. Ans: 50

অর্থ: একটি সেনাবাহিনীর গুদামে কিছু দিনের খাদ্য মজুদ আছে। ১০ দিন পর এক পঞ্চমাংশ সৈন্য চলে যাওয়ায় দেখা গেল অবশিষ্ট খাদ্য আগে যতদিন খাওয়া যেত,এখনও ততদিন খাওয়া যাবে। মোট সময় নির্ণয় করুন।

♦**Solution:**

Let initially there be 'x' men having food for 'y' days.

After, 10 days 'x' men had food for (y -10) days

Also, $(x-\frac{x}{5})$ men had food for y days.

According to the question,

$x(y-10) = \frac{4x}{5} \times y$ *[মোট সৈন্য × অবশিষ্ট দিন = অবশিষ্ট সৈন্য × আগের মোট দিন]*

$\Rightarrow xy - 10x = \frac{4xy}{5}$ $\Rightarrow 5xy - 50x = 4xy$ $\Rightarrow xy = 50x$ $\therefore y = 50$

10. Ans : 12

অর্থ: ১২ জন পুরুষ একটি কাজ ৮ দিনে করতে পারে, আবার ১৬ জন মহিলা একই কাজটি ১২ দিনে করতে পারে। ৮ জন পুরুষ এবং ৮ জন মহিলা কাজটি শুরু করে ৬ দিন কাজ করে। অবশিষ্ট কাজটুকু ১দিনে শেষ করতে হলে আরো কতজন পুরুষকে যোগ করতে হবে?

♦Solution:

1 man's 1 day work $= \frac{1}{12 \times 8}$ and 1 woman's 1 day work $= \frac{1}{16 \times 12}$ (১ জনের ১ দিনের ক্ষমতা)

Work done in 6 days $= 6 \times (\frac{8}{96} + \frac{8}{192}) = 6 \times (\frac{16+8}{192}) = 6 \times \frac{24}{192} = 6 \times \frac{1}{8} = \frac{3}{4}$

Remaining work $= 1 - \frac{3}{4} = \frac{1}{4}$

(8 men +8 women)'s 1 day work $= 1(\frac{8}{96} + \frac{8}{192}) = \frac{1}{8}$

Remaining work $= \frac{1}{4} - \frac{1}{8} = \frac{1}{8}$

$\frac{1}{96}$ work is done in 1 day by =1 man

1 part of work is done in 1 day by =96 man

Therefore, $\frac{1}{8}$ work will be done in 1 day by $96 \times \frac{1}{8}$ =12 men

11. Ans : 45

অর্থ: ৩০ জন মানুষ একটি বাড়ী ২০ দিনে তৈরী করতে পারে। ১০ দিন কাজ করার পর বৈরী আবহাওয়ার কারণে ৬দিন কাজ বন্ধ রাখা হলো। যথা সময়ে কাজটি শেষ করতে হলে কতজন অতিরিক্ত লোক প্রয়োজন হবে?

♦Solution:

Remaining time = (20-10-6) days = 4 days

In 20days work done = 1 part.

So, in1 day $= \frac{1}{2}$ part.

So, work remaining $1 - \frac{1}{2} = \frac{1}{2}$ part. (যতটুকু হয়েছে ততটুকুই অবশিষ্ট আছে।)

In 10 days $\frac{1}{2}$ part of the job can complete 30 people

In 1 day $\frac{1}{2}$ part of the job can complete 30×10 people

In 4 days $\frac{1}{2}$ part of the job can complete $\frac{30\times10}{4}$ people = 75 people

Number of additional workers needed = 75-30 =4 5 **Ans : 45**

উপরের আলোচনাতে এরকম প্রশ্নের সমাধান দেখে এই দুটি প্রশ্নের সমাধান নিজে করুন।

12. **উত্তরঃ ২০ জন।** (প্রথম লাইনের হিন্টস:২০ দিনে কাজের ১/৫ অংশ করে ৬০ জন, ৬০ দিনে ৪/৫ = ?)

13. **উত্তরঃ ২০ জন।** (হুবহু পূর্বের প্রশ্নটির মতই)

14. **উত্তর : ৯ দিন**

অর্থঃ কয়েকজন শ্রমিক একটি কাজ ১৮ দিনে করে দেবে বলে ঠিক করে। কিন্তু তাদের মধ্যে ৯ জন অনুপস্থিত থাকায় কাজটি ৩৬ দিনে সম্পন্ন হলো। ৩৬ জন শ্রমিক নিযুক্ত হলে কত দিনে কাজটি সম্পন্ন হতো? *[২৩তম বিসিএস, লিখিত]*

◆সমাধানঃ

মনে করি, মোট শ্রমিকের সংখ্যা = x জন

তাহলে x জনে কাজটি করবে ১৮দিনে,

১ জনে কাজটি করবে ১৮x দিনে।

$\therefore$ (x - ৯) জন কাজটি করবে = $\frac{১৮x}{x-৯}$

প্রশ্নমতে,

$\frac{১৮x}{x-৯}$ = ৩৬ দিন।

বা, ৩৬x-৩২৪ = ১৮x

বা, ১৮x = ৩২৪

x = ১৮ জন।

অর্থাৎ শুরুতে কাজ করার কথা ছিল ১৮ জনের।

আবার, ১৮ জনে, করলে সময় লাগতো = ১৮দিন।

১ = ১৮×১৮ দিন।

৩৬ = $\frac{১৮\times১৮}{৩৬}$ = ৯ দিন।

15. **Ans: 7 days.**

অর্থঃ ১০ জন পুরুষ একটি কাজ ৭ দিনে শেষ করতে পারে। কিন্তু ১০ জন মহিলাকে একই কাজটি শেষ করতে ১৪ দিন লাগে। যদি ৫ জন পুরুষ এবং ১০ জন মহিলা একত্রে কাজ করে তাহলে কাজটি শেষ হতে কত সময় লাগবে?

♦ **Solution:**

Work done by 10 men in 1 day = $\frac{1}{7}$

Work done by 1 man in 1 day = $\frac{1}{7} \div 10 = \frac{1}{70}$

Work done by 10 women in 1 day = $\frac{1}{14}$

Work done by 1 woman in 1 day = $\frac{1}{140}$

Work done by 5 men and 10 women in 1 day = $5\times\frac{1}{70} + 10\times\frac{1}{140} = \frac{5}{70} + \frac{10}{140} = \frac{1}{7}$

$\therefore$ 5 men and 10 women can complete the work in 7 days

♦ Easier way:

7×10 men = 10×14 women
or, 70 men = 140 women
so, 1 men = 2 women (এই ক্লু দিয়ে পুরুষ কে মহিলা বা মহিলাকে পুরুষে রুপান্তরিত করে সহজে হিসেব কর যাবে।)
[
now, 5 men and 10 women = 5×2 women + 10 women = 20 women (এটা বের করতে হবে তাই)
10 women need = 14 days. (মহিলাতে কনভার্ট করায় মহিলার ক্লু দিয়ে উত্তর বের করতে হবে।)

1 = 14×10 days

20 = $\frac{10\times14}{20}$ days = 7 days.

16. Ans: 4 days

অর্থ: ৬ জন পুরুষ এবং ৮ জন মহিলা যে কাজ ১০ দিনে করতে পারে ২৬ জন পুরুষ এবং ৪৮ জন মহিলা সেই কাজ করতে ২ দিন সময় লাগে। যদি ১৫ জন পুরুষ এবং ৬০ জন মহিলা কাজটি করে তাহলে কতদিন সময় লাগবে?

♦ **Solution: (পুরুষ ও মহিলাকে কনভার্ট করার নিয়মে সহজে করার জন্য সমাধানকৃত প্রশ্নগুলো দেখে চেষ্টা করুন।)**

Let work done by 1 man in 1 day = m and work done by 1 woman in 1 day = b

Work done by 6 men and 8 women in 1 day = $\frac{1}{10}$

$\Rightarrow 6m + 8b = \frac{1}{10}$

$\Rightarrow 60m + 80b = 1$ --- (1)

Work done by 26 men and 48 women in 1 day = $\frac{1}{2}$

$\Rightarrow 26m + 48b = \frac{1}{2}$

$\Rightarrow 52m + 96b = 1$--- (2)

Solving equation 1 and equation 2. We get $m = \frac{1}{100}$ and $b = \frac{1}{200}$

Work done by 15 men and 20 women in 1 day

$= \frac{15}{100} + \frac{20}{200} = \frac{1}{4}$

$\therefore$ Time taken by 15 men and 20 women in doing the work = 4 days

Khairul's Basic Math

♦New edition এর বৈশিষ্ট্যঃ

- বিস্তারিত ব্যাখ্যা বিশ্লেষণ সমৃদ্ধ।
- নিজে নিজে দ্রুত ম্যাথ পারার দুর্দান্ত সব টিপস সংযোজন।
- কঠিন ম্যাথ এর সহজ ব্যাখ্যা।
- বিগত সালের প্রশ্নাবলীর অধ্যায়ভিত্তিক আলোচনা।
- একজাতীয় প্রশ্ন একসাথে।
- শর্টকার্ট এবং লিখিত সমাধান।
- প্রতি অধ্যায় শেষে মডেল টেস্ট সংযোজন।

যারা গণিতে অনেক দূর্বল তারা দ্রুত বইটি সংগ্রহ করুন এবং ঘরে বসে নিজে নিজেই গণিত শিখুন।

Fraction

1. **In a group consisting of 40 people 24 were female and the rest were male. Half of the members were smokers and the rest were non smokers. If $\frac{1}{3}$rd of the female members were smokers, how of the male members were non-smokers?** *[Pubali Bank Ltd. – 2000 (Written)]*

অর্থ: ৪০ সদস্যের একটি দলে,২৪ জন নারী এবং অন্যরা পুরুষ। অর্ধেক সদস্য ধূমপায়ী এবং বাকী অর্ধেক অধূমপায়ী । যদি এক-তৃতীয়াংশ নারী ধূমপায়ী হয়,তাহলে কতজন পুরুষ এবং অধূমপায়ী ?

♦**Solution:**

Total people = 40

Female = 24 So, Male = 40 - 24 = 16

Total smokers = 40÷ 2 = 20

Female smokers = $\frac{1}{3}$ of 24 = 8

Male smokers = 20 - 8 = 12

Number of male non-smokers = (16 - 12) = 4 **Ans: 4**

2. **A cycle cost Tk. 250 when is brand new. At the end of each year it is worth 4/5 of what it was at the beginning of the year. What is the cycle worth when it is 3 years old?** *[Bank Asia Ltd-(MTO)-2005-(Written)]*

অর্থ: একটি নতুন সাইকেলের মুল্য ২৫০ টাকা। প্রত্যেক বছর এর মূল্য আগের বছরের মূল্যের ৪/৫ অংশ হয়ে যায়। যখন সাইকেলটি ৩ বছরের পুরাতন হয়ে যাবে তখন এর মূল্য কত হবে?

♦**Solution:**

Present value = Tk. 250

The value after at the end of each year = $\frac{4}{5}$ portion of previous year

The value of cycle after 3 years will be = Tk. $250 \times (\frac{4}{5})^3 = 250 \times \frac{4}{5} \times \frac{4}{5} \times \frac{4}{5}$ = Tk. 128

Ans: Tk. 128

3. **One month Rehana used $\frac{1}{6}$ of her monthly salary for a loan payment. Her rent payment was 25% more than the loan payment. What fraction of monthly salary did Rehana use that month for the loan and rent payments combined?** *[Eastern Bank Ltd. (MTO) Examination -2007 - (Written)]*

অর্থ: একমাসে রেহানা তার মাসিক বেতনের $\frac{১}{৬}$ অংশ লোন পেমেন্ট এর জন্য ব্যয় করেন। তার বাড়ি ভাড়া লোন পেমেন্ট এর চাইতে ২৫% বেশি। ঐ মাসে রেহানা তার বেতনের কত অংশ লোন পেমেন্ট ও বাড়ি ভাড়ার জন্য ব্যয় করেন?

♦Solution:

Let, the monthly salary be x;

Loan payment $= \frac{x}{6}$ and

Rent Payment= $\frac{x}{6}$ + 25% of $\frac{x}{6}$ $= \frac{x}{6} + \frac{1}{4} \times \frac{x}{6}$ $= \frac{x}{6} + \frac{x}{24}$ $= \frac{5x}{24}$

Sum of loan payment and rent payment = $\frac{x}{6} + \frac{5x}{24}$ $= \frac{4x + 5x}{24} = \frac{9x}{24} = \frac{3x}{8}$

$\therefore$ **Rehana used** $\frac{3x}{8} \div x = \frac{3}{8}$ **of her monthly salary for loan & rent payments combined.Ans:** $\frac{3}{8}$

4. A shop stocks four types of caps, there are $\frac{1}{3}$ as many red caps as blue caps and $\frac{1}{2}$ as many green caps as red caps. There are equal numbers of green caps and yellow caps. If there are 42 blue caps, then what percent of the total caps in the shop are blue? *[Bangladesh Bank (Officer)-2015(written)]*

অর্থ: একটি দোকানে ৪ ধরণের ক্যাপ আছে। যতগুলো নীল ক্যাপ আছে তার $\frac{১}{৩}$ ভাগ লাল ক্যাপ আছে এবং যতগুলো লাল ক্যাপ আছে তার $\frac{১}{২}$ ভাগ সবুজ ক্যাপ আছে। যতগুলো সবুজ ক্যাপ আছে ততগুলো হলুদ ক্যাপ আছে। যদি ৪২টি নীল ক্যাপ থাকে তাহলে দোকানের মোট ক্যাপের শতকরা কতটি নীল ক্যাপ আছে ?

♦Solution:

Given that, blue caps = 42

So, Red caps = $\frac{1}{3}$ of 42 = 14

Green caps= $\frac{1}{2}$ of 14=7 and Yellow caps=7

Total caps = 42+14+7+7=70

$\therefore$ Percentage of blue caps= $\frac{42}{70} \times 100\% = 60\%$ **Ans: 60%**

♦গুরুত্বপূর্ণ পরামর্শ:

এই প্রশ্নটিই x ধরেও সমাধান করা যায়। কিন্তু যে প্রশ্নটি কোন রকমের সমীকরণ ছাড়াই প্রশ্নের প্রদত্ত ক্লু দিয়ে হিসেব করে বের করে সমাধান করা যাচ্ছে তাতে অযথাই x আনার কোন প্রয়োজন আছে কি?

এজন্য পরামর্শ থাকবে, একই অংক কয়েক ভাবে সমাধান শিখতে হবে, বিষয়টা এমন না বরং সবথেকে সহজ নিয়মে সমাধান করতে পারলে সেটাই যথেষ্ট। মাথা ভর্তি করার মত আরো অনেক ম্যাথ + অন্য অনেক বিষয় আছে।

5. Tanim bought some oranges. He gave $\frac{1}{2}$ of them to his sister, $\frac{1}{4}$ of the remainder to his neighbor, $\frac{3}{5}$ of those left to his children and had 6 left in the end. How many oranges did Tanim buy? *[BB (AD)- 2010- (written)]*

অর্থ: তানিম কিছু কমলা কিনে তার $\frac{১}{২}$ অংশ বোনকে দিল অবশিষ্ট অংশের $\frac{১}{৪}$ অংশ প্রতিবেশিকে দিল। প্রতিবেশিকে দেবার পর বাকী কমলার $\frac{৩}{৫}$ অংশ তার ছেলে মেয়েকে দিল । ছেলে মেয়েকে দেবার পর আরও ৬ টি কমলা তার কাছে রয়ে গেল । তাহলে সে কয়টি কমলা কিনেছিল?

♦Solution:

Let, Tanim bought x oranges. ⇒

He gave to his sister = $\frac{x}{2}$

⇒Remaining = $x-\frac{x}{2}=\frac{x}{2}$

He gave to his neighbor $=\frac{x}{2}\times\frac{1}{4}=\frac{x}{8}$

Remaining = $\frac{x}{2}-\frac{x}{8}=\frac{3x}{8}$

He gave to his children= $\frac{3x}{8}\times\frac{3}{5}=\frac{9x}{40}$

Remaining $=\frac{3x}{8}-\frac{9x}{40}=\frac{6x}{40}=\frac{3x}{20}$

According to the question,

$\frac{3x}{20}$ = 6 (সবাইকে দেয়ার পর যেটা অবশিষ্ট থাকে তার পরিমাণ ৬টি।) x = 40 **Ans : 40**

♦Alternative Solution: (ভগ্নাংশের হিসেব করতে সমস্যা হলে শুরুতেই ল.সা.গু করে এভাবে ধরতে পারেন)

Let, Tanim bought = 40x oranges. *[L.C.M of Denominator 2, 4 & 5]*

Gave to sister = $40x\times\frac{1}{2}=20x$.

Remaining = 40x-20x = 20x.

Gave to neighbor = $20x\times\frac{1}{4}=5x$

Remaining = 20x-5x = 15x.

Gave to children = $15x\times\frac{3}{5}=9x$.

Remaining = 15x-9x = 6x.

According to the question,

$6x = 6$

$x = 1.$

Therefore total oranges = $40 \times 1 = 40$ **Ans: 40**

6. **There were some chocolates in a Box. Sami took 1/4 th of the chocolates; Arif took 1/3 rd of the remaining chocolates. Babu took 1/2 of the chocolates left. Then Misha took 6 all that were left in the box. How many chocolates were there in the box ?** *[DBBL (PO)] – 2003 (Written)]*

অর্থ: একটি বক্সে কিছু চকলেট আছে। সামি ১/৪ অংশ চকলেট নেয়ার পর অবশিষ্ট চকলেটের ১/৩ অংশ আরিফ নিল। এরপর অবশিষ্ট চকলেটের ১/২ অংশ বাবু নেয়ার পর সর্বশেষ থাকা ৬টি চকলেট মিশা নিল। বক্সটিতে সর্বমোট কতগুলো চকলেট ছিল?

♦Solution:

Let, total chocolates = x

Sami took = $\frac{1}{4}$ of $x = \frac{x}{4}$

The remaining chocolates = $x - \frac{x}{4} = \frac{4x-x}{4} = \frac{3x}{4}$

Arif took = $\frac{1}{3}$ of $\frac{3x}{4} = \frac{1}{3} \times \frac{3x}{4} = \frac{x}{4}$

The remaining chocolates = $\frac{3x}{4} - \frac{x}{4} = \frac{3x-x}{4} = \frac{x}{2}$

$\therefore$ Babu took = $\frac{1}{2}$ of $\frac{x}{2} = \frac{1}{2} \times \frac{x}{2} = \frac{x}{4}$

$\therefore$ The remaining chocolates = $\frac{x}{2} - \frac{x}{4} = \frac{2x-x}{4} = \frac{x}{4}$

Misha took = $\frac{x}{4}$

Accordint go the question, $\frac{x}{4} = 6$

$\therefore x = 24$ So, Total chocolates = 24 **Ans: 24**

♦Alternative Solution: (To avoid fraction)

Let, Total chocolates in the box was = 12x [L.C.M of 2,3 and 4] (ল.সা.গু ধরলে ভগ্নাংশ আসে না)

So, Sami took = $12x \times \frac{1}{4} = 3x$, then remaining = 12x-3x = 9x

Arif took = $9x \times \frac{1}{3} = 3x$ then remaining = 9x-3x = 6x

Babu took = = $6x \times \frac{1}{2} = 3x$ then remaining = 6x-3x = 3x

Misha took = 3x

$3x = 6$ then $x = 2$

So, total number of chocolates = $12 \times 2 = 24$ **Ans: 24**

7. **A car's fuel tank is two-fifth full and requires 25 liters more to make it 90% full. What is the capacity of the fuel tank?** *[Bank Asia (MTO)-2008]*

অর্থ: একটি গাড়ির ফুয়েল ট্যাঙ্ক দুই পঞ্চমাংশ অংশ পূর্ণ আছে। এটি ৯০% পূর্ণ করতে আরও ২৫ লিটার ফুয়েল লাগবে। ফুয়েল ট্যাঙ্কটির ধারণ ক্ষমতা কত ?

♦Solution:

Let the capacity be x liter

The tank is filled = $\frac{2}{5}$ of $x = \frac{2x}{5}$ liter.

To fill 90% of the tank = 90% of $x = \frac{90x}{100} = \frac{9x}{10}$

According to question,

$\frac{9x}{10} - \frac{2x}{5} = 25$ {৯০% পূর্ণ - ২/৫ অংশ পূর্ণ = ২৫ (ব্যবধান)}

$\Rightarrow \frac{9x - 4x}{10} = 25$

$\Rightarrow \frac{5x}{10} = 25$

$\Rightarrow 5x = 250$

$\therefore x = 50$ liters. **Ans: 50 liters**

♦Alternative Method:

$\frac{2}{5}$ Part Full means $\frac{2 \times 100}{5} = 40\%$ full

Now, Let the capacity of the tank = x liters

According to question,

90% of x – 40% of x = 25 (দুই পূর্ণতার ব্যাবধান = ২৫লিটার)

50% of x = 25

or, $\frac{x}{2} = 25$

$\therefore x = 50$ liters. (এমসিকিউ পরীক্ষায় এভাবে ভাবলে ১০ সেকেন্ডে উত্তর দেয়া যাবে।) **Ans: 50 liters.**

8. **In a certain school, 40 more than $\frac{1}{3}$ of all the students are a science course and $\frac{1}{4}$ of those taking a science course are taking physics. If $\frac{1}{8}$ of all the students in the school are taking physics, how many students in the school?** *[Investment Corporation Bank Ltd. (Officer)-2011(Written)]*

অর্থ: কোন একটি স্কুলে মোট ছাত্রের ১/৩ অংশের চেয়ে ৪০ জন বেশি সাইন্স কোর্স নিয়েছে আবার এদের মধ্যে ফিজিক্স কোর্স নিয়েছে সাইন্স এর ১/৪ অংশ , যদি সমস্ত ছাত্রের ১/৮ অংশ ছাত্র ফিজিক্স নিয়ে থাকে তাহলে স্কুলে মোট ছাত্রের সংখ্যা কত?

♦Solution:

Let the total students be x

Took science = $\frac{x}{3}+40$

According to the question:

$(\frac{x}{3}+40)\times\frac{1}{4}=\frac{x}{8}$ (বিজ্ঞান নেয়া ছাত্র-ছাত্রীদের এক চতুর্থাংশ ফিজিক্স নিয়েছে যা মোট ছাত্র-ছাত্রীদের এক অষ্টমাংশ)

$\Rightarrow\frac{x+120}{3}=\frac{x}{8}\times4 \quad \Rightarrow\frac{x+120}{3}=\frac{x}{2} \quad \Rightarrow 2x+240=3x \quad \therefore x=240$ **Ans: 240**

9. In a certain class, $\frac{1}{2}$ of the male and $\frac{2}{3}$ of the female students speaks English. If there are $\frac{3}{4}$ as many females as males in the class, what fraction of the entire class speaks English *[AB Bank Ltd. – 2002 (Written)]*

অর্থ: একটি ক্লাসের ছাত্রদের ১/২ অংশ এবং ছাত্রীদের ২/৩ অংশ ইংরেজীতে কথা বলে। যদি সেখানে ছাত্রদের ৩/৪ অংশ ছাত্রী থাকে তাহলে সম্পূর্ণ ক্লাসের কত অংশ ইংরেজীতে কথা বলে?

♦Solution:

Given $\frac{3}{4}$ as many females as males in the class

Let, Male students = 4x

And female students = 3x

Total students = (4x + 3x) = 7x

Male students speak English = $4x\times\frac{1}{2}=2x$

Female students speak English = $3x\times\frac{2}{3}=2x$

Total speaks English in the class = (2x + 2x) = 4x

So, Fraction= $\frac{4x}{7x}=\frac{4}{7}$ (যার সাথে তুলনা করে তাকে নিচে এবং যাকে তুলনা করে তাকে উপরে লিখতে হয়) **Ans: $\frac{4}{7}$**

টিপস: সবসময় শুধু x না ধরে ভগ্নাংশ থেকে ও ধরা যায়। মনে রাখবেন ৩/৪ অর্থ যা ৩:৪ অর্থও তা। ভগ্নাংশ একটি অনুপাত। আবার প্রশ্নের শুরুতে যা আছে তা থেকে ধরতে হবে এমন না । যেখানে ধরলে সহজ হবে সেখান থেকে ধরতে হবে।

